

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ শাখা  
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০১৮.২১.১৪

তারিখ: ৭ মাঘ ১৪২৭  
২১ জানুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ভারতে অনুষ্ঠেয় “Workshop on Gender Inclusive Governance for Policymakers” শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

ভারত সরকারের অর্থায়নে ভারতের লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল একাডেমি অব এডমিনিস্ট্রেশন (LBSNAA)-এ আগামী ১৭/০২/২০২১ হতে ১৮/০২/২০২১ তারিখ মেয়াদে অনুষ্ঠেয় “Workshop on Gender Inclusive Governance for Policymakers” শীর্ষক কর্মশালায় বিসিএস ক্যাডার কর্মকর্তাদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। আগ্রহী কর্মকর্তাগণকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে <https://itecgoi.in> ওয়েব সাইটের e-ITEC/ITEC ONSITE ট্যাবে ক্লিক করার মাধ্যমে অনলাইনে আবেদন করে আবেদনের কপি আগামী ০৫/০২/২০২১ তারিখের মধ্যে এ শাখায় ই-মেইলে ([ft@mopa.gov.bd](mailto:ft@mopa.gov.bd)) প্রেরণের জন্য আহ্বান করা যাচ্ছে। আবেদনসমূহ প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনয়ন চূড়ান্ত করে ভারতীয় দূতাবাস প্রেরণ করা হবে।

শর্তসমূহ:

- আবেদনকারীকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে;
- আবেদনকারীকে ITEC এর শর্তাবলী ও নীতিমালা অনুসরণপূর্বক <https://itecgoi.in> ওয়েব সাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে;
- প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভারতীয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত;
- অসম্পূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: প্রোগ্রামের এজেন্ডা

২১-১-২০২১

মু. ইকরামুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: [ft@mopa.gov.bd](mailto:ft@mopa.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব/সচিব (সকল)

- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)